ইউনাইটেড পাওয়ারের ১১০% লভ্যাংশ অনুমোদন

গতকাল রাজধানীর আর্মি গলফ ক্লাবে ইউনাইটেড পাওয়ার জেনারেশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন (ইউপিজিডি) কোম্পানি লিমিটেডের ১১তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হয়। পর্ষদ চেয়ারম্যান জেনারেল মো. আবদুল মুবিনের (অব.) সভাপতিত্বে অনুষ্ঠিত এজিএমে অন্যান্য এজেন্ডার পাশাপাশি ২০১৮ সালের ৩০ জুন সমাপ্ত হিসাব বছরের জন্য ৯০ শতাংশ নগদ ও ২০ শতাংশ স্টক লভ্যাংশ অনুমোদন করেন বিদ্যুত্ খাতের তালিকাভুক্ত কোম্পানিটির শেয়ারহোল্ডাররা। সভায় অংশ নেয়া সাধারণ শেয়ারহোল্ডাররা কোম্পানির ব্যবসায়িক পারফরম্যান্স ও প্রদত্ত লভ্যাংশে সন্তোষ প্রকাশ করে এর ধারাবাহিকতা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করেন।http://bonikbarta.net

কর ছাড়ের প্রজ্ঞাপন জারি : কনসোর্টিয়ামের টাকা পেতে শুরু করেছেন ডিএসই সদস্যরা

চীনা কনসোর্টিয়ামের (শেনঝেন-সাংহাই স্টক এক্সচেঞ্জ) কাছে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) ২৫ শতাংশ শেয়ার বিক্রির টাকা পেতে শুরু করেছেন এক্সচেঞ্জটির সদস্যরা। কৌশলগত বিনিয়োগকারীর কাছ থেকে পাওয়া অর্থ পুঁজিবাজারে বিনিয়োগের শর্তে গতকাল বিকালে ১০ শতাংশ কর ছাড়ের প্রজ্ঞাপন হয়েছে। প্রজ্ঞাপন জারির পরেই ব্রোকারদের কাছে চীনা কনসোর্টিয়ামের টাকা বিতরণ শুরু করেছে ডিএসই। জানা যায়, গতকাল সন্ধ্যা থেকেই ব্রোকাররা ডিএসইতে এসে তাদের শেয়ার অনুপাতে প্রাপ্য অর্থের চেক নিয়ে যাচ্ছেন। শেষ খবর পাওয়া পর্যন্ত গতকাল চারটি প্রতিষ্ঠান প্রায় ১৩ কোটি টাকার চেক পেয়েছেন। এর মধ্যে মোনা ফিন্যান্সিয়াল কনসালট্যান্সি অ্যান্ড সিকিউরিটিজ লিমিটেড ও আহমেদ ইকবাল হাসান সিকিউরিটিজ লিমিটেড অন্যতম। আজ সকাল ১০টা থেকে আবারো যথারীতি চেক বিতরণ করা হবে। সুষ্ঠুভাবে চেক বিতরণ কার্যক্রম সম্পন্নের জন্য ডিএসইর পক্ষ থেকে ১০ সদস্যের একটি টিম গঠন করা হয়েছে।http://bonikbarta.net

কর্মশালায় বক্তারা : এসডিজি অর্জনে অর্থনৈতিক বৈষম্য দূর করতে হবে

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) এবং ভিশন ২০২১ ও ভিশন ২০৪১ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বাংলাদেশ থেকে অর্থনৈতিক বৈষম্য ও দুর্নীতি দূর করতে হবে। গতকাল রাজধানীর আগারগাঁওয়ে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ভবনের সম্মেলন কক্ষে আয়োজিত এক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। 'টেকসই অর্থনীতির যাত্রাপথ: ভিশন ২০৪১, বাংলাদেশের করণীয়' শীর্ষক দুই দিনব্যাপী সম্মেলনটি যৌথভাবে আয়োজন করছে পিকেএসএফ, ঢাকা স্কুল অব ইকোনমিকস, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, অস্ট্রেলিয়ার গ্রিফিথ ইউনিভার্সিটি, যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব বাথ ও জার্মানির ব্রেমেন ইউনিভার্সিটি। সম্মেলনে দেশী-বিদেশী বিশেষজ্ঞরা শিল্পায়ন, কৃষি, খাদ্যনিরাপত্তা, গণস্বাস্থ্য, পুষ্টি, জলবায়ু পরিবর্তনসহ বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়ন-সংক্রান্ত বিভিন্ন বিষয়ে ১৫টি গবেষণাপত্র উপস্থাপন করবেন। গতকাল সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পিকেএসএফের সভাপতি ড. কাজী খলীকুজ্জমান আহমদ। তিনি বলেন, অর্থনৈতিক বৈষম্য দূর করার লক্ষ্য থেকেই এসডিজি গ্রহণ করা হয়। ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জন করতে হলে সবাইকে সঙ্গে নিয়ে দেশ থেকে অর্থনৈতিক

বৈষম্য দূর করতে হবে। এর সঙ্গে দুর্নীতিও প্রতিহত করতে হবে। তা না হলে টেকসই উন্নয়ন ব্যাহত হবে বলে মন্তব্য করেন তিনি। http://bonikbarta.net

যুক্তরাষ্ট্র-চীন বাণিজ্যযুদ্ধ : এশিয়ার শেয়ারবাজার ঘুরে দাঁড়ালেও শঙ্কা কাটেনি এখনো

যুক্তরাষ্ট্র ও চীনের প্রেসিডেন্টের মধ্যে আসন্ন বৈঠকের সুবাদে বাণিজ্যযুদ্ধের সমাপ্তি হবে বলে আশা করছেন বিনিয়োগকারীরা। অন্যদিকে শেয়ারবাজার স্থিতিশীল করতে নতুন পদক্ষেপ গ্রহণ করেছে চীন। এ দুইয়ের প্রভাবে গতকাল এশিয়ার শেয়ারবাজার কিছুটা ঘুরে দাঁড়িয়েছে। কিন্তু চীনের প্রেসিডেন্টের সঙ্গে আলোচনা ব্যর্থ হলে ডিসেম্বরের শুরুতেই দেশটি থেকে আমদানি করা সব পণ্যেই অতিরিক্ত শুল্কারোপ হবে— যুক্তরাষ্ট্রের এ হুমকির কারণে বাণিজ্যযুদ্ধ নতুন মাত্রা পাবে বলে বিনিয়োগকারীদের মধ্যে শঙ্কা কাজ করছে। এ অবস্থায় শেয়ারবাজারের এ দরবৃদ্ধি টেকসই হবে না বলে আশঙ্কা রয়েছে। খবর রয়টার্স, ব্লুমবার্গ, বিবিসি।নভেম্বরে জি২০ দেশগুলোর সম্মেলনে অংশগ্রহণের পাশাপাশি প্রেসিডেন্ট ট্রাম্প ও শি জিনপিং বৈঠক করবেন বলে জানা গেছে। বৈঠক ফলপ্রসূ না হলে চীন থেকে আমদানি করা বাকি পণ্যে প্রেসিডেন্ট ট্রাম্পের শুল্কারোপের হুমকির পর সোমবার যুক্তরাষ্ট্রের প্রধান শেয়ার সূচকগুলোয় পতন দেখা যায়। এর মধ্যে এসঅ্যান্ডপি-৫০০ ইনডেক্স ২ দশমিক ১ শতাংশ হারিয়েছে। এর আগেও চীন থেকে আমদানি করা সমুদয় পণ্যেই শুল্কারোপের হুমকি দিয়েছিলেন ট্রাম্প, কিন্তু তখন তিনি কোনো নির্দিষ্ট সময়সূচির কথা বলেননি।http://bonikbarta.net

চলতি হিসাব ঘাটতি, রুপির অবমূল্যায়ন মোকাবেলা : জাপানের সঙ্গে মুদ্রাবিনিময়ের পরিমাণ বাড়িয়েছে ভারত

ডলারের বিপরীতে রুপির মান বৃদ্ধি ও চলতি হিসাব ঘাটতি (সিএডি) মোকাবেলায় আরো একটি পদক্ষেপ গ্রহণ করেছে ভারত সরকার। সোমবার ভারত ও জাপান আপত্কালীন প্রয়োজনে পরস্পরের মধ্যে বৈদেশিক মুদ্রা বিনিময়প্রবাহ ৭ হাজার ৫০০ কোটি ডলার পর্যন্ত বাড়িয়ে একটি চুক্তিতে স্বাক্ষর করেছে। বর্তমানে দেশ দুটির মধ্যে ৫ হাজার কোটি ডলার লেনদেনের সীমা ছিল। খবর বিজনেস স্ট্যান্ডার্ড। সাধারণত এ ধরনের সমঝোতাকে দ্বিপক্ষীয় মুদ্রাবিনিময় (কারেন্সি সোয়াপ) চুক্তি বলা হয়। এ চুক্তির ফলে ভারত প্রয়োজনের সময় সাড়ে ৭ হাজার কোটি ডলার পর্যন্ত সাশ্রয় করার সুবিধা পাবে। একই সঙ্গে চুক্তিটি বিদেশী বাজারটিতে প্রবেশের সময় ভারতীয় উদ্যোগগুলোকে মূলধন ব্যয় কমিয়ে আনতে সহায়তা করবে।http://bonikbarta.net

কেন্দ্রীয় ব্যাংকগুলোয় বাড়তি চাহিদা দাম বাড়াবে স্বর্ণের

বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংক স্বর্ণের বাজারে অন্যতম ভোক্তা হিসেবে পরিচিত। আন্তর্জাতিক বাজারে মূল্যবান ধাতুটির দামের ওঠানামায় কেন্দ্রীয় ব্যাংক গুরুত্বপূর্ণ প্রভাবকের ভূমিকা পালন করে। ২০১৭ সালে বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংকে স্বর্ণের চাহিদা আগের বছরের তুলনায় ৫ শতাংশ কমেছিল। তবে চলতি বছর পরিস্থিতি কিছুটা বদলেছে। বছরের প্রথম ছয় মাসে (জানুয়ারি-জুন) বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংক স্বর্ণ কেনা আগের বছরের একই সময়ের তুলনায় ৮ শতাংশ বাড়িয়েছে। ওয়ার্ল্ড গোল্ড কাউন্সিলের (ডব্লিউজিসি) সাম্প্রতিক প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। আন্তর্জাতিক বাজারে স্বর্ণের দামে বিদ্যমান তুলনামূলক মন্দাভাব দূর করার ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংকগুলোয় চাহিদা বৃদ্ধির এ প্রবণতাকে ইতিবাচক হিসেবে দেখছেন খাতসংশ্লিষ্টরা। খবর ইউরেশিয়া রিভিউ ও মেটাল বুলেটিন। http://bonikbarta.net